



পেকুয়ায় সালাহউদ্দিনের নির্বাচনী শোভাযাত্রায় জনশ্রোত



বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পেকুয়ায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও কক্সবাজার-১ আসনের ধানের শীষ প্রতীকধারী প্রার্থী সালাহউদ্দিন আহমেদের নির্বাচনী শোভাযাত্রা ঘিরে কর্মী-সমর্থকদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা গেছে। স্থানীয়দের মতে, অংশগ্রহণকারীর সংখ্যা ছিল উল্লেখযোগ্য।

রোববার (৮ ফেব্রুয়ারি) বিকেলে আলহাজ্ব কবির আহমেদ চৌধুরীর বাজার এলাকা থেকে শোভাযাত্রা শুরু হয়ে বানৌজা সড়ক অতিক্রম করে সাকুরপাড় স্টেশন চত্বরে গিয়ে পথসভায় রূপ নেয়।

সকাল থেকেই উপজেলার সাত ইউনিয়ন থেকে বিভিন্ন পরিবহনে করে নেতাকর্মীরা যোগ দেন। অনেকের হাতে ছিল প্ল্যাকার্ড, কারও কাছে প্রার্থীর ছবি, আবার কেউ দলের চেয়ারম্যানের ছবি বহন করেন। ধানের শীষ প্রতীক নিয়ে স্লোগান, গান ও নানা কর্মসূচির মাধ্যমে ভোটের আহ্বান জানানো হয়।

পেকুয়া উপজেলা বিএনপির আয়োজনে হওয়া এই কর্মসূচির অগ্রভাগে ছিলেন সালাহউদ্দিন আহমেদ নিজেই। স্থানীয় রাজনৈতিক মহলের ভাষ্য, এ ধরনের অংশগ্রহণ আগে খুব কমই দেখা গেছে।

পথসভায় বক্তব্যে সালাহউদ্দিন আহমেদ আগামী ১২ ফেব্রুয়ারির নির্বাচনে ধানের শীষ প্রতীকে সমর্থন দেওয়ার আহ্বান জানান।